BANGLADESH ACCREDITATION COUNCIL
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

নং: ৩৭.২৮.০০০০.১০৩.০৬.০০৩.২২-৫৯৯(৬)

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: অ্যাক্রেডিটেশন প্রাপ্তিতে শুভেচ্ছা প্রদান।**

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম। আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, আপনাদের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২১তম সভার সিদ্ধান্ত অনুসারে আপনার বিশ্ববিদ্যালয়ের B.Sc. in Computer Science and Engineering প্রোগ্রামের অনুকূলে **অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট** প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ এবং অ্যাক্রেডিটেশন বিধিমালা, ২০২২ অনুসারে স্বচ্ছ ও নিরপেক্ষ প্রক্রিয়ার মধ্য দিয়ে এই কার্য সম্পাদন করা হয়েছে। নিরলস কার্যধারার এ সাফল্যে আপনিসহ আপনার সকল সহকর্মীকে আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আমি আশা করছি আপনার বিশ্ববিদ্যালয়ের অন্যান্য প্রোগ্রামসমূহের অ্যাক্রেডিটেশন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

আমাদের প্রত্যাশা, বাংলাদেশের উচ্চ শিক্ষাকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণে আমাদের সমন্বিত এ প্রয়াস সকলকে উৎসাহিত ও প্রাণিত করবে।

শুভেচ্ছান্তে
Akhter Khan

প্রফেসর ড. মোঃ আখতার হোসেন খান
চেয়ারম্যান
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

উপাচার্য
গ্রিন ইউনিভার্সিটি অব বাংলাদেশ (জিইউবি)।

Bangladesh Services Ltd Office Complex-2 (2nd Floor), 1 Minto Road, Ramna, Dhaka-1000, Bangladesh
Tel: +88 02 22222 4183, Fax: +88 02 22222 4165, e-mail: info@bac.gov.bd, website: www.bac.gov.bd